

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
www.cabinet.gov.bd

১০ পৌষ ১৪২২

তারিখ:-----
২৪ ডিসেম্বর ২০১৫

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.৮৩১.৮৫.০১১.১৫.১০৩


বিষয়: নাগরিক সেবায় উন্নাবন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন-সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে সরকার জনপ্রশাসনে উন্নাবন চর্চার উপর গুরুত্বারূপ করেছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি করা অপরিহার্য বিধায় মাঠ পর্যায়ে কর্মকর্তাগণের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। এ বিষয়ে ৩১.৭.২০১৫ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত “ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে জেলা প্রশাসকগণের করণীয়” শীর্ষক কর্মশালায় আলোচনা হয়েছে। ইতোমধ্যে এ-সংক্রান্ত দু’দিন ব্যাপী একটি প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করা হয়েছে এবং সাতক্ষীরা, কুষ্টিয়া, পিরোজপুর ও রাজবাড়ি জেলায় উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

২। প্রাথমিকভাবে জেলা/উপজেলা পর্যায়ের যে সকল কর্মকর্তা ইতৎপূর্বে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেননি, সে সকল কর্মকর্তার জন্য জেলা প্রশাসকের তত্ত্বাবধানে দু’দিন ব্যাপী ‘নাগরিক সেবায় উন্নাবন’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।

৩। এ-সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচির একটি রূপরেখা সংযুক্ত করা হল। প্রশিক্ষণ-সংক্রান্ত কোন পরামর্শ/কারিগরি সহায়তার প্রয়োজন হলে সে সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। জেলা প্রশাসনের প্রশিক্ষণ-সংক্রান্ত বাজেট হতে উক্ত ব্যয় নির্বাহ করা যায়। পরবর্তী অর্থ বৎসরের বাজেটেও অনুরূপ প্রশিক্ষণের সংস্থান রাখার জন্য অনুরোধ করা হল।

৪। এমতাবস্থায়, তাঁর দপ্তরে এবং আওতাধীন জেলাসমূহে দু’দিন ব্যাপী ‘নাগরিক সেবায় উন্নাবন’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


মাহফুজা বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৩৯৫
E-mail:eg_sec@cabinet.gov

কমিশনার

.....বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।